

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.lged.gov.bd

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-১৪৭

তারিখ: ১১/০৫/২০২৬

অফিস আদেশ

বিষয়: প্রত্যাশিত কার্যসমাপ্তির তারিখ সম্প্রসারণ বিষয়ক নির্দেশনা প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৩৪২, তারিখ: ২৭/১১/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫-এর বিধি ৫১(৩) অনুযায়ী কার্যচুক্তি বাস্তবায়নকালে যদি ক্ষতিপূরণের কোনো ঘটনা ঘটে বা ভেরিয়েশন অর্ডার জারি করা হয়, যার ফলে ঠিকাদার কর্তৃক অতিরিক্ত ব্যয় ব্যতিরেকে নির্ধারিত সময়ের মধ্যে কার্যসমাপ্তি সম্ভব না হয়, সেক্ষেত্রে ক্রয়কারী মূল কার্যসমাপ্তির সময়সীমার সর্বোচ্চ ৩০% পর্যন্ত সময় বৃদ্ধি করতে পারবেন।

উক্ত সময়বর্ধনের পরও যৌক্তিক কারণে পুনরায় সময় বৃদ্ধির প্রয়োজন হলে, ৩০% এর অধিক হতে সর্বোচ্চ ১০০% পর্যন্ত সময় সম্প্রসারণের প্রস্তাব ক্রয়কারী কার্যালয়ের প্রধান (HOPE) অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হবে। ব্যতিক্রমী ক্ষেত্রে ১০০% এর অধিক সময় সম্প্রসারণের প্রয়োজন হলে, স্থানীয় সরকার বিভাগের সচিবের অনুমোদন গ্রহণ করতে হবে।

পিপিআর ২০২৫-এর বিধি ৫১(৪) অনুযায়ী সময় বৃদ্ধির জন্য ঠিকাদারের আবেদন প্রাপ্তির ২১ (একুশ) দিনের মধ্যে এবং অবশ্যই কার্যসমাপ্তির নির্ধারিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পূর্বে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। কিন্তু প্রায়শই লক্ষ্য করা যাচ্ছে যে, নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর সময়বর্ধনের প্রস্তাব প্রেরণ করা হয়, যা পিপিআর ২০২৫ এবং চুক্তির সাধারণ শর্তাবলীর পরিপন্থী।

এমতাবস্থায়, সময়বর্ধনের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো-

সময়বর্ধনের প্রস্তাব প্রেরণের সময় যৌক্তিক কারণসহ সুনির্দিষ্ট তথ্য-প্রমাণ উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে আবশ্যিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা যাচ্ছে-

- ঠিকাদারের সময়বৃদ্ধির আবেদনপত্র;
- পূর্বে সময়বৃদ্ধি প্রদান করা হয়ে থাকলে তার বিস্তারিত বিবরণ;
- প্রস্তাবিত সময়বৃদ্ধির সুনির্দিষ্ট যৌক্তিক কারণ এবং প্রাসঙ্গিক প্রমাণাদি;
- পারফরম্যান্স সিকিউরিটির মেয়াদবৃদ্ধির প্রমাণ;
- সংশোধিত কর্মপরিকল্পনা (Revised Work Plan) (পূর্বের অংশসহ অর্থাৎ সম্পূর্ণ কাজের revised work plan)

উপর্যুক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করে সময়বর্ধনের প্রস্তাব প্রেরণের একটি নমুনা এ নির্দেশনার সাথে সংযুক্ত করা হয়েছে, যা অনুসরণ করা যেতে পারে। পণ্য, ভৌত সেবা এবং বুদ্ধিবৃত্তিক সেবা সংক্রান্ত কার্যসমূহের প্রত্যাশিত সমাপ্তির তারিখ সম্প্রসারণের ক্ষেত্রেও এ নির্দেশনা প্রযোজ্য হবে। উল্লেখ্য যে, কার্যসমাপ্তির নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর প্রেরিত কোনো সময়বর্ধন প্রস্তাব অনুমোদনযোগ্য হবে না।


১১/০৫/২৬

(মোঃ বেলাল হোসেন)

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ফোন: ০২-৫৫০০৭২৪৮

ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি (কার্যার্থে):

- অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
- প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/জেলা।
- উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি।

সময় বর্ধনের আবেদন প্রেরণের ছক

১।	কাজের নাম	:	
২।	প্যাকেজ নং	:	
৩।	টেন্ডার আইডি	:	
৪।	চুক্তিমূল্য	:	
৫।	কাজ শুরুর তারিখ (Commencement Date) (PCC অনুযায়ী)	:	
৬।	কাজ সমাপ্তির তারিখ (Intended Completion Date) (PCC অনুযায়ী)	:	
৭।	বর্তমান ভৌত অগ্রগতি	:	
৮।	ইতোপূর্বে বর্ধিত সময়ের বিবরণ	:	

			মোট বর্ধিত সময়	শতকরা হার	অনুমোদনকারী কর্তৃপক্ষ
১ম ধাপে বর্ধিত সময় তারিখ হতে তারিখ পর্যন্ত দিন	...%	
২য় ধাপে বর্ধিত সময় তারিখ হতে তারিখ পর্যন্ত দিন	...%	
বর্তমানে প্রস্তাবিত সময় তারিখ হতে তারিখ পর্যন্ত দিন	...%	

৯।	সময়সীমা বর্ধনের যৌক্তিক কারণ (প্রমাণকসহ উপস্থাপন করতে হবে।)	:	
১০।	সংযুক্তি	:	<p>১। কার্যসম্পাদন জামানত (Performance Security) মেয়াদবৃদ্ধির প্রমাণক। (সুপারিশকৃত সময় অপেক্ষা কার্যসম্পাদন জামানত এর মেয়াদ কমপক্ষে ২৮ দিন বেশি থাকতে হবে।)</p> <p>২। সংশোধিত কর্মপরিকল্পনা (revised workplan) (বর্ধিত সময়ের মধ্যে কাজ সম্পাদনের মাসভিত্তিক পরিকল্পনা ছকের মাধ্যমে উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে কাজ শুরুর অংশসহ অর্থাৎ সম্পূর্ণ কাজের revised work plan দাখিল করতে হবে।)</p>

ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম, স্বাক্ষর, সীল

উপসহকারী প্রকৌশলীর মতামত, স্বাক্ষর ও সীল

উপজেলা প্রকৌশলীর মতামত, স্বাক্ষর ও সীল

নির্বাহী প্রকৌশলীর সুপারিশ, স্বাক্ষর ও সীল

mm

